

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭২

শান্তিরবাজার, ২৮ জুন, ২০২৪

বিলোনীয়ায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা
রাজ্য সরকার গুণগত শিক্ষার প্রসারে সর্বাধিক গুরুত্ব দিয়েছে : সমবায়মন্ত্রী

বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে আজ এবারের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা দেওয়া হয়। সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। অনুষ্ঠানে সমবায়মন্ত্রী বলেন, রাজ্য সরকার গুণগত শিক্ষার প্রসার ও শিক্ষার পরিকাঠামো উন্নয়নে সর্বাধিক গুরুত্ব দিয়েছে। রাজ্যে গুণগত শিক্ষার প্রসারের ফলেই এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় ফলাফলে দেখা গেছে কৃতি ছাত্রছাত্রীদের মধ্যে মেধা তালিকায় গ্রামীণ এলাকার ১০ জন ছাত্রছাত্রী রয়েছে।

অনুষ্ঠানে সমবায়মন্ত্রী আরও বলেন, সমাজ গঠনে শিক্ষার গুরুত্ব অপরিসীম। তাই রাজ্য সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে বিদ্যালয়গুলিতে পড়াশুনার মান উন্নত করার জন্য বিভিন্ন উদ্যোগ নিয়েছে। বিভিন্ন বিদ্যালয়ের পাকা ভবন নির্মাণ করা হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি কাকলি দাস দত্ত এবং দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনীয়া পুরপরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপা। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার। সংবর্ধনা অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের মধ্যে বক্তব্য রাখেন দেবশ্রী বল ও আকাশ চৌধুরী। সংবর্ধনা অনুষ্ঠানে এবারের ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ ও কেন্দ্রীয় পর্ষদ পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় ২১ জন ছাত্রছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়। তাছাড়াও বিভিন্ন বিদ্যালয়ের আরও ১৭৪ জন কৃতি ছাত্রছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়েছে। অনুষ্ঠানে ৫ জন শিক্ষক শিক্ষিকাকে সংবর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে বাইখোরা ইংলিশ মিডিয়াম, সার্বুম দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয় ও আমজাদনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়কে দক্ষিণ ত্রিপুরা জেলার সেরা বিদ্যালয়ের শিরোপা দেওয়া হয়। অনুষ্ঠানে অতিথিগণ শিক্ষক ও ছাত্রছাত্রীদের হাতে স্মারক উপহার তুলে দেন।
